

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
পরিকল্পনা-২ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৯২.১৪.০০০৮.২৫.৩৯০

বিষয়: উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম পরিচালনা নীতিমালা, ২০২৫

#### ভূমিকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের দ্বিতীয় ভাগের ১৫ অনুচ্ছেদ অনুযায়ী নাগরিকদের যুক্তিসংগত বিশ্বাম, বিনোদন ও অবকাশের অধিকার অর্জন নিশ্চিত করতে জনগণের জীবনযাত্রার বস্তুগত ও সংস্কৃতিগত উন্নতিসাধন রাষ্ট্রের দায়িত্ব। এ দায়িত্ব পালনের অংশ হিসাবে ক্রীড়াচর্চা, ক্রীড়া অনুশীলন ও ক্রীড়ায় অংশগ্রহণের উপযুক্ত ব্যবস্থা গড়ে তোলা এবং তৎমূল পর্যায় থেকে প্রতিভা অবৈষণসহ ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক প্রথম ‘জাতীয় ক্রীড়া নীতি ১৯৮৯’ প্রণীত হয়। ক্রীড়াক্ষেত্রে পরিবর্তিত প্রক্ষেপণট বিবেচনায় ক্রীড়ানীতি যুগোপযোগী করার লক্ষ্যে জাতীয় ক্রীড়া সম্মেলন ১৯৯৫ ও ১৯৯৬ এর সুপারিশমালার আলোকে জাতীয় ক্রীড়ানীতির খসড়া প্রণয়ন করা হয়। দেশের ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে ক্রীড়াক্ষেত্রের অবস্থা, সম্ভাবনা ও ভবিষ্যৎ লক্ষ্যসমূহের সাথে সঙ্গতি রেখে প্রণীত ‘জাতীয় ক্রীড়ানীতি ১৯৯৮’ মন্ত্রিপরিষদ বৈঠকে অনুমোদিত হয়।

ক্রীড়ানীতি বাস্তবায়নসহ ক্রীড়ার উন্নয়ন এবং সর্বস্তরের জনসাধারণের মধ্যে ক্রীড়া সচেতনতা সৃষ্টির লক্ষ্যে উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণের উদ্দোগ গ্রহণ করা হয়। এ স্টেডিয়ামগুলোকে কেন্দ্র করে সারা দেশে উপজেলা পর্যায়ে কিশোর-কিশোরী, যুবক-যুবতী তথা তরুণদের অংশগ্রহণে বিভিন্ন রকম ক্রীড়া সংশ্লিষ্ট কর্মকাণ্ড পরিচালিত হবে। এ স্টেডিয়ামসমূহ শিশু কিশোর ও যুবদের শারীরিক ও মানসিকসহ মেধা বিকাশে বিশেষ ভূমিকা রাখবে। উপজেলা পর্যায়ে নির্মিত মিনি স্টেডিয়ামসমূহের সুষ্ঠু ব্যবস্থাপনা, যথাযথ ব্যবহারসহ দৈনন্দিন কার্যাবলী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

#### ১। শিরোনাম ও প্রবর্তন -

- (১) এই নীতিমালা ‘উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম পরিচালনা নীতিমালা, ২০২৫’ নামে অভিহিত হবে;
- (২) এই নীতিমালা যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্মিত উপজেলা মিনি স্টেডিয়ামসমূহের ক্ষেত্রে অনুসরণীয় ও দিক নির্দেশনামূলক হবে; এবং
- (৩) উপজেলা মিনি স্টেডিয়ামসমূহ জাতীয় ক্রীড়া পরিষদের অধীনে থেকে স্থানীয় উপজেলা পরিষদ কর্তৃক পরিচালিত হবে।

#### ২। উদ্দেশ্য -

- স্থানীয় শিশু কিশোর ও তরুণদের ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে অংশগ্রহণ বৃদ্ধি করা;
- খেলাধুলা, প্রশিক্ষণ ও জাতীয় দিবসসমূহ আয়োজনের উপযুক্ত পরিবেশ নির্মিত করা; এবং
- স্টেডিয়ামের সুষ্ঠু পরিবেশ ও পরিচ্ছন্নতা বজায় রাখা।

#### ৩। সংজ্ঞা -

- বিষয় বা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকলে, এই নীতিমালায়-
- (ক) “অনুচ্ছেদ”, “উপ-অনুচ্ছেদ” অর্থ এই নীতিমালার অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ;
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ জাতীয় ক্রীড়া পরিষদ;
- (গ) “স্টেডিয়াম পরিচালনা কমিটি” বা “কমিটি” অর্থ অনুচ্ছেদ ৮-এ বর্ণিত স্টেডিয়াম পরিচালনা কমিটি;
- (ঘ) “মিনি স্টেডিয়াম” অর্থ উপজেলা পর্যায়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক নির্মিত/প্রস্তুতকৃত মিনি স্টেডিয়াম বা খেলার মাঠ; এবং
- (ঙ) “কেয়ারটেকার” অর্থ যিনি মাঠ রক্ষণাবেক্ষণ ও দৈনন্দিন কাজকর্মসমূহ করবেন।

#### ৪। উপজেলা মিনি স্টেডিয়ামের ব্যবহার -

- নিম্নবর্ণিত ক্ষেত্রে উপজেলা মিনি স্টেডিয়াম ব্যবহার করা যাবে:
- (ক) উপজেলা ও স্থানীয় পর্যায়ের বিভিন্ন ইভেন্টের ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন;

(খ) তৃণমূল পর্যায়ে দক্ষ খেলোয়াড় তৈরির লক্ষ্যে বিভিন্ন খেলাধুলার প্রশিক্ষণ আয়োজন;

- (গ) ক্রীড়ামোদি শিশু কিশোর ও যুবকদের জন্য খেলাধুলার আয়োজন;  
(ঘ) বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে শিশু কিশোরদের খেলাধুলা প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন;  
(ঙ) জাতীয় বিভিন্ন দিবস পালন উপলক্ষে শিশু-কিশোর সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠান; এবং  
(চ) স্থানীয় জনসাধারণের প্রাতঃভ্রমণ ও শরীর চর্চা।

৫। **নিম্নবর্ণিত ক্ষেত্রে স্টেডিয়ামের মাঠ ব্যবহার করা যাবে না -**

- (ক) রাজনৈতিক সমাবেশ বা দলীয় প্রচারণা;  
(খ) যেকোন ধরণের বাণিজ্যিক মেলা বা দোকান স্থাপন;  
(গ) মাঠে গাড়ি চালানো বা মাঠ ক্ষতিগ্রস্থ হয় এমন কোন কার্যক্রম।

৬। **স্টেডিয়ামের মাঠ ব্যবহারের ক্ষেত্রে অনুসরণীয় বিষয়াদি -**

- (ক) মাঠ ব্যবহারের পর সংশ্লিষ্ট দল/সংগঠন-কে নিজ দায়িত্বে মাঠ পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;  
(খ) মাঠের কোন স্থাপনা বা সম্পদ ক্ষতিগ্রস্থ হলে সংশ্লিষ্ট ব্যবহারকারীকে ক্ষতিপূরণ দিতে হবে;;  
(গ) নীতিমালা লংঘন করলে পরবর্তীতে মাঠ ব্যবহার নিষিদ্ধ করা হতে পারে;  
(ঘ) সম্পদ বা স্থাপনা ক্ষতিগ্রস্থ হলে ক্ষতিপূরণ আদায় করা হতে পারে; এবং  
(ঙ) প্রযোজনে ক্ষতিপূরণ আদায়ে প্রশাসনিক বা আইনি ব্যবস্থা নেয়া হতে পারে।

৭। **স্টেডিয়ামের মাঠ ব্যবহারের সময়সূচি -**

স্টেডিয়ামের মাঠ ব্যবহারের সময়সূচি সাধারণত সকাল ৬.০০ টা হতে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত নির্ধারিত থাকবে। বিশেষ প্রয়োজনে কর্তৃপক্ষ তা বৃক্ষি করতে পারবে।

৮। **(ক) উপজেলা মিনি স্টেডিয়াম পরিচালনা কমিটি -**

০১.	উপজেলা নির্বাহী অফিসার	সভাপতি
০২.	সহকারী কমিশনার (ভূমি)	সদস্য
০৩.	উপজেলা প্রকৌশলী	সদস্য
০৪.	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
০৫.	উপজেলা শিক্ষা অফিসার	সদস্য
০৬.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার	সদস্য
০৭.	সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (যদি থাকে)	সদস্য
০৮.	মেয়ার (সংশ্লিষ্ট উপজেলার মধ্যে অবস্থিত পৌরসভা) (যদি থাকে)	সদস্য
০৯.	অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা	সদস্য
১০.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	সদস্য
১১.	সাধারণ সম্পাদক, উপজেলা স্কাউট	সদস্য
১২.	কোন ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত স্টেডিয়ামের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান	সদস্য
১৩.	সংশ্লিষ্ট উপজেলার ০৩ (তিনি) জন ক্রীড়া মোদি/ক্রীড়া অনুরাগী/ ক্রীড়াবিদ (ন্যূনতম একজন নারী প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে এবং এই সদস্যগণ উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ও জেলা প্রশাসকক কর্তৃক অনুমোদিত হতে হবে)।	সদস্য
১৪.	সংশ্লিষ্ট উপজেলার ০১ (এক) জন ছাত্র প্রতিনিধি (উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত ও জেলা প্রশাসক কর্তৃক অনুমোদিত)	সদস্য
১৫.	সাধারণ সম্পাদক, উপজেলা ক্রীড়া সংস্থা	সদস্য-সচিব

(খ) **উপজেলা মিনি স্টেডিয়াম পরিচালনা কমিটির কার্যাবলী -**

০১. উপজেলা ক্রীড়া সংস্থা কর্তৃক মিনি স্টেডিয়ামের সর্বোচ্চ ব্যবহার, সংরক্ষণ ও নিরাপত্তা এবং রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা;  
০২. স্টেডিয়ামের প্রয়োজনীয় উন্নয়ন ও সংক্ষারের ব্যবস্থা গ্রহণ;  
০৩. স্টেডিয়াম ব্যবহারের বার্ষিক কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং পরিকল্পনা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলকে উৎসাহ প্রদান ও খেলাধুলায় উদ্বৃদ্ধকরণ;  
০৪. জনবল নিয়োগ না দেয়া পর্যন্ত ক্রীড়া সংশ্লিষ্ট ব্যক্তিদের দ্বারা কমিটি গঠনপূর্বক ক্রীড়া কর্মকাণ্ড পরিচালনা করা;  
০৫. তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অবেষণের লক্ষ্যে নিয়ামিত প্রশিক্ষণ ও প্রতিযোগিতা অনুষ্ঠান পরিচালনা করা;  
০৬. বিভিন্ন গুরুত্বপূর্ণ দিবস উপলক্ষে শিশু কিশোরদের খেলাধুলা প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন এবং শ্রেষ্ঠ খেলোয়াড়দের পুরস্কার প্রদান;  
০৭. ক্রীড়ামোদি দর্শকরা যাতে স্বত্ব স্বত্ব প্রতিভাবে খেলাধুলা উপভোগ করতে পারে সে অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;

০৮. স্টেডিয়ামের যাবতীয় সম্পদ রক্ষণাবেক্ষণ এবং মনিটরিং ও ফলো-আপ করা;
০৯. এই স্টেডিয়ামকে অগ্রাধিকার দিয়ে মাঠে ক্রীড়া কার্যক্রমের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ;
১০. ক্রীড়া প্রশিক্ষণ ও শরীর চর্চাকে উৎসাহিত করার লক্ষ্যে এ সম্পর্কিত প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
১১. স্টেডিয়ামে সুশৃঙ্খল ক্রীড়া কর্মকাণ্ড নিশ্চিতকরণ;
১২. স্টেডিয়ামকে যাবতীয় অসামাজিক কর্মকাণ্ড হতে মুক্ত রাখা;
১৩. স্টেডিয়ামকে সবসময় পরিষ্কার পরিচ্ছম রেখে খেলার উপযোগী রাখা;
১৪. বিয়ে/জন্মদিন/শান্ত অনুষ্ঠান/রাজনৈতিক কর্মকাণ্ড/ কনসার্ট/মেলা/অস্থায়ী হাট ইত্যাদির জন্য স্টেডিয়ামের মাঠ যেন ব্যবহৃত না হয় তা নিশ্চিতকরণ;
১৫. ক্রীড়া বা খেলাধূলা বিহুরূপে কোন কার্যক্রম আয়োজন না করা;
১৬. উপজেলাধীন যে কোন শিক্ষা প্রতিষ্ঠান উপজেলা নির্বাহী অফিসারের পূর্বানুমতি সাপেক্ষে তাদের বার্ষিক ক্রীড়া অনুষ্ঠান এ স্টেডিয়ামে আয়োজন করতে পারবে;
১৭. যে কোন ঝাব বা ব্যক্তি মালিকানাধীন ঝাবকে নির্দিষ্ট ফি এর বিনিময়ে মিনি স্টেডিয়াম ব্যবহার অনুমতি প্রদান (স্টেডিয়াম ব্যবহার ফি পরিচালনা কমিটি কর্তৃক বাস্তবতার আলোকে নির্ধারিত হবে); এবং
১৮. উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় দৈনন্দিন খরচের বিষয়টি অন্তর্ভুক্ত করা।

#### ৯। স্টেডিয়াম পরিচালনা তহবিল -

- স্টেডিয়াম পরিচালনার জন্য একটি তহবিল ও ব্যাংক হিসাব খোলা হবে। পরিচালনা কমিটির সভাপতি ও সদস্য-সচিব/সাধারণ সম্পাদক এর যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাব পরিচালিত হবে;
- স্টেডিয়াম ব্যবহার ফি (ভাড়া), সরকারি অনুদান বা অন্য কোন অনুদান তহবিলে জমা হবে।

#### ১০। জনবল -

(ক) উপজেলা মিনি স্টেডিয়ামের জনবল নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের হালনাগাদ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা অনুযায়ী অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ব প্রতিষ্ঠান অনুবিভাগ এর অনুমতি সাপেক্ষে নিম্নরূপভাবে নিয়োগ প্রদান করা হবে:

ক্রম	পদ (সেবার নাম)	পদসংখ্যা	মাসিক সম্মানী (আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী)	যোগ্যতা (আউটসোর্সিং নীতিমালা অনুযায়ী)
(১)	কেয়ারটেকার	০১ টি (প্রতি উপজেলায়)	ক্যাটাগরি-১	ক) এসএসসি বা দাখিল পাস বা সমমানের উত্তীর্ণ খ) শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে
(২)	সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী)	০২ টি (প্রতি উপজেলায়)	ক্যাটাগরি-৫	ক) তাঁচম শ্রেণি পাস হতে হবে খ) শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে
(৩)	ক্লিনার (পরিচ্ছমতাকর্মী)	০২ টি (প্রতি উপজেলায়)	ক্যাটাগরি-৫	ক) তাঁচম শ্রেণি পাস হতে হবে খ) শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে গ) হরিজন সম্প্রদায়কে অগ্রাধিকার দিতে হবে

- (খ) অর্থ বিভাগের হালনাগাদ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা অনুযায়ী মিনি স্টেডিয়াম রক্ষণাবেক্ষণে পদসমূহের যোগ্যতা, সম্মানী ও অন্যান্য সুবিধা নির্ধারিত হবে;
- (গ) সরকার প্রয়োজনে জনবলের সংখ্যা এবং তাদের সম্মানী হাস-বৃক্ষি করতে পারবে;
- (ঘ) স্টেডিয়াম চালু রাখার বিষয়টি অগ্রাধিকার রেখে পরিচালনা কমিটি আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা অনুযায়ী জনবলের ছুটি বিবেচনা করবে;
- (ঙ) কর্তৃপক্ষ জনবলের জন্য কোন আবাসনের ব্যবস্থা করতে বাধ্য নয়;
- (চ) উপজেলা স্টেডিয়ামের দৈনন্দিন রক্ষণাবেক্ষণ ও পরিচালনা ব্যয় নির্বাহের জন্য উপজেলা পরিষদ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ছ) আউটসোর্সিং জনবল নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদন সাপেক্ষে উপজেলা পরিষদ কর্তৃক হালনাগাদ আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা গ্রহণ নীতিমালা অনুযায়ী জনবল নিয়োগ করা হবে; এবং
- (জ) উপজেলা মিনি স্টেডিয়ামসমূহের বিদ্যুৎ বিল, পৌরকর জাতীয় ক্রীড়া পরিষদ কর্তৃক উপজেলা ক্রীড়া সংস্থা বরাবরে বরাদ্দকৃত অর্থ হতে নির্বাহ করা হবে।

#### (ঝ) জনবলের দায়িত্ব ও কর্তব্য:

- (১) কেয়ারটেকার
- স্টেডিয়ামের রক্ষণাবেক্ষণ ও কাস্টেডিয়ান হিসেবে কাজ করা;
  - স্টেডিয়াম পরিচালনা কমিটির নির্দেশনা অনুযায়ী যাবতীয় দায়িত্ব পালন করা।

#### (২) সিকিউরিটি গার্ড (নিরাপত্তা প্রহরী)

- দিনে ও রাতে স্টেডিয়ামের যাবতীয় সম্পত্তি ও সকল মালামালের নিরাপত্তা বিধান করা;
- দিনে ও রাতে পালাক্রমে স্টেডিয়ামের নিরাপত্তা নিশ্চিতে দায়িত্ব পালন করা।

#### (৩) ক্লিনার (পরিচ্ছমতাকর্মী)

- স্টেডিয়ামের টয়লেটসমূহ নিয়মিত পরিষ্কার পরিচ্ছম করা;

(আ) প্যাভিলিয়ন ভবণ ও গ্যালারী পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;

(ই) ডেন ও মাঠসহ স্টেডিয়ামের অভ্যন্তরীণ এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখা।

১১। এই নীতিমালায় কোন অসংগতি অথবা অসম্পূর্ণতা পরিলক্ষিত হলে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে জাতীয় ক্রীড়া পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২। এই নীতিমালা প্রকাশের তারিখ হতে কার্যকর হবে।

১৩। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



০৯-১০-২০২৫  
মোহাম্মদ জিয়াউল হক  
যুগ্মসচিব (ক্রীড়া সংক্রান্ত)

#### বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রপরিষদ সচিব, মন্ত্রপরিষদ সচিব-এর দপ্তর, মন্ত্রপরিষদ বিভাগ।
- ২। সচিব (রুটিন দায়িত্ব), সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব (বাজেট-৭)]।
- ৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি), পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর)।
- ৫। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব (চলতি দায়িত্ব), আইন ও বিচার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্ম-প্রধান, ক্ষাইসোয়াম উইং)।
- ৮। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৯। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১০। অতিরিক্ত সচিব, ক্রীড়া-১ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১১। অতিরিক্ত সচিব, ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১২। যুগ্মসচিব, যুব অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১৩। নির্বাহী পরিচালক (যুগ্মসচিব), নির্বাহী পরিচালকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ১৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
- ১৫। উপসচিব, ক্রীড়া-১ অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১৬। পরিচালক (পরি: ও উ:)/ প্রকল্প পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ১৭। প্রকল্প পরিচালক (উপসচিব), উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ (২য় পর্যায়) প্রকল্প, উন্নয়ন শাখা, জাতীয় ক্রীড়া পরিষদ।

স্মারক নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০৯২.১৪.০০০৮.২৫.৩৯০/১ (১৩)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ  
০৯ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

#### সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, যুব উন্নয়ন অধিদপ্তর।
- ২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মহাপরিচালক, জাতীয় যুব উন্নয়ন ইনসিটিউট।
- ৩। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৪। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান।

- ৫। উপদেষ্টার একান্ত সচিব, উপদেষ্টার দণ্ডর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ৬। নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালকের দণ্ডর, জাতীয় ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। চেয়ারম্যানের একান্ত সচিব, চেয়ারম্যান-এর দণ্ডর, জাতীয় ক্রীড়া পরিষদ।
- ১০। সচিবের একান্ত সচিব, সচিবের দণ্ডর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
- ১১। উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
- ১২। জেলা ক্রীড়া অফিসার, (সকল)।
- ১৩। অফিস কপি।



০১-১০-২০২৫  
মোহাম্মদ সিরাজুর রহমান ভূঞ্জা  
উপসচিব